

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৮

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৫. গোসলখানায় পেশাব করা

باب فِي الْبَوْلِ فِي الْمُسْتَحَمّ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهَيْرٌ، عَنْ دَاؤُدَ بْنِ عَبْدِ اللهِ، عَنْ حُمَيْدٍ الْحِمْيَرِيِّ، _ وَهُوَ ابْنُ عَبْدِ اللهِ عليه وسلم كَمَا وَهُوَ ابْنُ عَبْدِ الرَّحْمَنِ _ قَالَ لَقِيتُ رَجُلاً صَحِبَ النَّبِيَّ صلى الله عليه وسلم كَمَا صَحَبَهُ أَبُو هُرَيْرَةَ قَالَ نَهَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَنْ يَمْتَشِطَ أَحَدُنَا كُلَّ يَوْمٍ أَوْ يَبُولَ فِي مُغْتَسَلِهِ.

صحیح: م

বাংলা

২৮। হুমাইদ ইবনু 'আবদুর রহমান আল-হিময়ারী সূত্রে বর্ণিত। তিনি বলেনঃ আমার সাথে এমন এক ব্যক্তির সাক্ষাৎ হয়, যিনি আবূ হুরাইরাহ (রাঃ) এর মতই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহচর্যে ছিলেন। তিনি বলেছেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতিদিন চুল আঁচড়াতে অথবা গোসলখানায় পেশাব করতে নিষেধ করেছেন।[1]

সহীহ; মুসলিম।

English

Narrated A Man from the Companions:

Humayd al-Himyari said: I met a man (Companion of the Prophet) who remained in the company of the Prophet (ﷺ) just as AbuHurayrah remained in his company. He then added: The Messenger of Allah (ﷺ) forbade that anyone amongst us should comb (his hair) every day or urinate in the place



where he takes a bath.

ফুটনোট

- [1] নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ জুনুবী ব্যক্তির অতিরিক্ত পানি দিয়ে গোসল করা নিষেধ নয়, হাঃ ২৩৮ এবং অধ্যায়ঃ সাজ-সজ্জা, হাঃ ৫০৬৯) আহমাদ (৪/১১১, ৫/৩৬৯)।
- এ অনুচ্ছেদের হাদীস থেকে শিক্ষাঃ
- ১। পবিত্রতা অর্জনের স্থানে পেশাব করা নিষেধ। কারো মতে, এ নিষেধাজ্ঞা মাকরূহ পর্যায়ের, হারাম নয়।
- ২। হাদীসে গর্ব ও অহংকারের উদ্দেশ্যে প্রত্যহ চুল আঁচড়াতে নিষেধ করা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ হুমায়দ ইবনু 'আবদুর রহমান (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন